

ঢাকা সিভিল সার্জন অফিস দুর্নীতিমুক্ত করতে দুদকের অব্যাহত অভিযান

(অভিযানের তারিখ: ২৬ আগস্ট, ২০১৮ খ্রি:)



ভুক্তভোগী চাকুরি প্রার্থীরা ঢাকা সিভিল সার্জন অফিসে স্বাস্থ্যগত সনদ নেয়ার সময় বাধ্যতামূলকভাবে ঘুষ আদান-প্রদানের বিষয়ে দুদক অভিযোগ কেন্দ্রে (১০৬) অভিযোগ জানালে দুদকের একটি টিম গত ১৮/০৭/২০১৮ তারিখে আজিমপুরস্থ ঢাকা সিভিল সার্জন কার্যালয়ে আকস্মিক অভিযান চালায়। টিমের জিজ্ঞাসাবাদে উক্ত অফিসের কর্মচারীরা স্বীকার করেন যে, তারা জনপ্রতি ন্যূনতম ৩০০ হতে সর্বোচ্চ ১০০০ টাকা পর্যন্ত অর্থ অবৈধভাবে আদায় করে। এ অভিযানে কিভাবে ভুক্তভোগীরা হয়রানির শিকার হয়, কিভাবে তাদের নিকট হতে অর্থ আদায় করা হয়, কিভাবে উক্ত অর্থ বিলি বন্টন হয় তা উদঘাটন করে দুদক কর্মকর্তারা। দুদক টিম দেখে, পূর্বে সনদ নিতে আগত জনসাধারণকে কোনরূপ লিখিত রেজিস্টার ছাড়াই সনদ প্রদান করা হতো, আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্রও সংরক্ষণ করা হতো না।

দুদকের অভিযানের পর উক্ত অফিসে এ অনৈতিক লেনদেন সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়। এ বিষয়ে গৃহীত পদক্ষেপের সফলতা দেখতে গত ২৬/০৭/২০১৮ তারিখে এবং গতকাল (২৬/০৮/২০১৮) দুদকের টিম উক্ত কার্যালয়ে গমন করে। এতে দেখা যায়, দুদকের পরামর্শক্রমে রেজিস্টার খোলা হয়েছে, যাচাইয়ের জন্য কাগজপত্রও সংরক্ষণ করা হচ্ছে এবং অবৈধ অর্থ আদায় বন্ধ হয়েছে। সিভিল সার্জনের দপ্তরজুড়ে দুর্নীতিবিরোধী পোস্টারিং করা হয়েছে। ঢাকার সিভিল সার্জন স্বয়ং দুদকের এ উদ্যোগকে স্বাগত জানান এবং তিনি তাঁর দপ্তরকে দুর্নীতিমুক্ত রাখতে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রেখেছেন বলে টিমকে অবহিত করেন। তিনি অভিমত ব্যক্ত করেন, দেশব্যাপী সিভিলসার্জন অফিসসমূহে দুদকের এরূপ উদ্যোগ নেয়া প্রয়োজন।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, "সিভিল সার্জন অফিসে আগত সেবাপ্রার্থীদের দুর্নীতিমুক্ত সেবা নিশ্চিত করতে এ অভিযান অব্যাহত রাখা হবে।"